



ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/১০০/স্মাফু-২১২/৯৪

তারিখ : ০২-০৯-২০২০ খ্রিঃ।

“সার্কুলার”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরগামী কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন দ্রুততার সাথে মঞ্জুরীর লক্ষ্যে “সরকারী কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এর উপ-অনুচ্ছেদ ৪.১০ এ অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী অনিষ্পন্ন সাধারণ আপত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত দায় নিরূপণের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা হ'ল :

ক্রমিক নং	দপ্তর ও পদবী	কমিটিতে অবস্থান
১।	নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা কর্তৃক মনোনীত তাঁর দপ্তরের একজন উপযুক্ত নির্বাহী প্রকৌশলী।	সদস্য
৪।	অতিরিক্ত পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কর্তৃক মনোনীত তাঁর দপ্তরের একজন উপযুক্ত উপ-পরিচালক।	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

(ক) সরকারী কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর অনুচ্ছেদ ৪.১০(খ) এর নির্দেশনা অনুযায়ী অবসরগামী কর্মকর্তা/কর্মচারীগণের বোর্ডের বিভিন্ন দপ্তরে দায়িত্বে নিয়োজিত থাকা অবস্থায় সর্বশেষ অনিষ্পন্ন অডিট আপত্তির সাথে তার সংশ্লিষ্টতার বিষয়ে ব্যক্তিগত দায় আছে কিনা, কমিটি তা নিরূপণ করবেন। কমিটি এ ক্ষেত্রে অডিট আপত্তির মর্মানুযায়ী সরকারের আর্থিক ক্ষতির বিষয়টি বিধি-বিধানের আলোকে বিচার বিশ্লেষণের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত দায়ের বিষয়টি স্পষ্টিকরণ করবেন।


(খ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যদি ব্যক্তিগতভাবে দায়ী হয়ে থাকেন, তাহলে আপত্তিতে উল্লিখিত আর্থিক মূল্যের মধ্য হতে তাঁর অংশের পরিমাণ/দায়ের পরিমাণ নির্ধারণ করবেন।

(গ) অডিট আপত্তির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দায়ের প্রকৃতি অনুযায়ী তাঁর অনুকূলে পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর অনুচ্ছেদ ৪.১০(খ) এর নির্দেশনা মোতাবেক পেনশন মঞ্জুরীযোগ্য কিনা সে বিষয়ে মতামত প্রদান করবেন।

৩। কমিটি, প্রতিটি অডিট আপত্তির দায়-দায়িত্ব নির্ধারণ বিষয়ক কেইস পর্যালোচনা ও যাচাইপূর্বক কেইস প্রাপ্তির

২১(একুশ) দিনের মধ্যে মতামতসহ প্রতিবেদন বোর্ডের মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করবেন।

৪। এতে বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


 (মোঃ মুজিবুর রহমান)
 সচিব
 বাপাউবো, ঢাকা।


(অঃ পৃঃ দঃ)

স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/১০০/আসু-১১৪/১৪

তারিখ : ০২/০৯/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি আদিষ্টমতে প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/প্রধান,-----বাপাউবো,-----।
- ২। নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা), বাপাউবো, ঢাকা ও কমিটির আহবায়ক।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা। কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালনের জন্য তাঁর দপ্তরের একজন উপযুক্ত নির্বাহী প্রকৌশলী-কে মনোনয়ন প্রদান করবেন।
- ৫। পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কমিটিতে সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালনের জন্য তাঁর দপ্তরের একজন উপযুক্ত উপ-পরিচালক-কে মনোনয়ন প্রদান করবেন।
- ৬। পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক,-----বাপাউবো,-----।
- ৭। অতিরিক্ত পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
- ৮। সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৯। উপ-সচিব,-----বাপাউবো, ঢাকা,-----।
- ১০। নির্বাহী প্রকৌশলী,-----বাপাউবো,-----।
- ১১। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার,-----বাপাউবো,-----।
- ১২। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরদেশটি বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(অর্থ/প্রশাসন/পূর্ব-রিজিয়ন/পশ্চিম-রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।



(শেখ মাসুদুল হক)

উপ-সচিব (অর্থ), বাপাউবো, ঢাকা।

ফোনঃ ৯৫১৪৩১৯